১নং মেরুং ইউনিয়ন পরিষদ কার্যালয়
ডকেট নং........৫৫/২০২১
তারিখ....২৫/১০/২০২১
নথি নং.......৩৪/২০২১

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইনস্ট্রাক্টরের কার্যালয়, উপজেলা রিসোর্স সেন্টার
দীঘিনালা, খাগড়াছড়ি
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১
www.ecs.gov.bd

নং- ১৭.০৩.৪৬৪৩.০০০.৪১.০০১.২১- ৩৮২ তারিখঃ ১৬/১০/২০২১খ্রিঃ

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অনষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি

যেহেতু জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা কর্তৃক ১৭.০৩.৪৬০০.০০০.৪১.০৪৪.২১-৩৬৭, ১৫ অক্টোবর ২০২১ তারিখে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা উপজেলার মেরুং, বোয়ালখালী ও কবাখালী ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচীর প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মোহাম্মদ মাইন উদ্দিন, ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, দীঘিনালা, খাগড়াছড়ি এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা উপজেলার মেরুং ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছি।

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ নভেম্বর ২০২১ (মঙ্গলবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার) |
| (ঘ) | ভোটগ্রহনের তারিখ | : | **২৮ নভেম্বর ২০২১ (রবিবার)** |
| **ভোট গ্রহণের সময় সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত।** | | | |

আমি আরও জানাইতেছি যে, ১৬/১০/২০২১ তারিখ হইতে ০২/১১/২০২১ তারিখ (মঙ্গলবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত মেরুং ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাচন অফিস, দীঘিনালায় মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচন ব্যালট পেপার এর মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

১৬/১০/২১
(মোহাম্মদ মাইন উদ্দিন)
ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার
দীঘিনালা, খাগড়াছড়ি
ও
রিটার্নিং অফিসার
মেরুং ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন/২০২১

তারিখঃ ১৬-১০-২০২১খ্রিঃ

নং- ১৭.০৩.৪৬৪৩.০০০.৪১.০০১.২১- তারিখঃ ১৬/১০/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৪। রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি রিজিয়ন।
৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্ব্যত্য জেলা।।
৮। জোন কমান্ডার, দীঘিনালা জোন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। অধিনায়ক, ৭ বিজিবি, বাবুছড়া, দীঘিনালা, খাগড়াছড়ি।
১০। অধিনায়ক, ৩ আনসার ব্যাটালিয়ন, মেরুং এবং অধিনায়ক, ২১ আনসার ব্যাটালিয়ন, জামতলী, দীঘিনালা, খাগড়াছড়ি।
১১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
১২। জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও আপীল কর্তৃপক্ষ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১
১৩। চেয়ারম্যান, দীঘিনালা উপজেলা পরিষদ, খাগড়াছড়ি।
১৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি।
১৫। ব্যবস্থাপক, সোনালী/কৃষি/গ্রামীণ ব্যাংক লিঃ শাখা, দীঘিনালা, খাগড়াছড়ি।
১৬। অফিসার ইনচার্জ, দীঘিনালা থানা, দীঘিনালা, খাগড়াছড়ি।
১৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি।
১৮। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, দীঘিনালা, খাগড়াছড়ি।
১৯। ইউপি সচিব, মেরুং ইউনিয়ন পরিষদ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)।
২০। নোটিশ বোর্ড।
২১। অফিস নথি।

১৬/১০/২১
ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার
দীঘিনালা, খাগড়াছড়ি
ও
রিটার্নিং অফিসার
মেরুং ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন/২০২১

# ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১ উপলক্ষ্যে

## মনোনয়নপত্রের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে

চালানের

১। মনোনয়নপত্র সংগ্রহের সময় ভোটার তালিকার সিডির মূল্য বাবদ "১-০৬০১-০০০১-২৬৩১" কোডে প্রতিটি ইউনিয়নে চেয়ারম্যান, সংরক্ষিত সদস্য পদ ও সাধরণ সদস্য পদের জন্য ৫০০/-টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের ফটোকপি রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসার এর কার্যালয়ে জমা দিয়ে মনোনয়নপত্র গ্রহণ করবেন এবং মনোনয়নপত্রের সাথে চালানের মূলকপি জমা দিবেন।

২। জামানত হিসেবে চেয়ারম্যান পদের জন্য ৫,০০০/-, সংরক্ষিত ও সাধারণ সদস্যদের ক্ষেত্রে ১,০০০/- টাকা রিটার্নিং অফিসারের অনুকূলে "৬-০৬০১-০০০১-৮৪৭৩" কোডে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি মনোনয়নপত্রের সাথে জমা দিবেন

৩। প্রার্থীর পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি সত্যায়িত করে মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানের স্টাপল করে লাগাতে হবে এবং ২ (দুই) কপি অতিরিক্ত ছবি জমা দিতে হবে।

৪। প্রার্থী আয়কর দাতা হলে ই.টি.আই.এন (TIN) সনদ এবং সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রসহ আয়কর রিটার্নের কপি ও সম্পদ বিবরনী (১০ বি, ১০ বিবি ফরম) এর ফটোকপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

৫। প্রার্থী/ প্রস্তাবকারী/ সমর্থনকারীর ক্ষেত্রে তাদের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং সংশ্লিষ্ট ভোটার তালিকায় নামের অংশের ফটোকপি ও মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে। প্রার্থী/ প্রস্তাবকারী/ সমর্থনকারী সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার ভোটার হওয়া বাধ্যতামূলক।

৬। নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য যে কোন তফসীলি ব্যাংকে নতুন অ্যাকাউন্ট খুলতে হবে এবং মনোনয়নপত্রে ব্যাংকের নাম, শাখার নাম এবং অ্যাকাউন্ট নম্বর উল্লেখ করতে হবে।

৭। দলীয় প্রার্থীদের ক্ষেত্রে দলীয় মনোনয়নের মূলকপি মনোনয়ন পত্রের সাথে জমা দিতে হবে।

৮। মনোনয়নপত্রে একটি মাত্র প্রতীকের নাম লিখতে হবে।

৯। নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-ঢ) অবশ্যই মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

১০। মনোনয়ন ফরমসহ অন্যান্য সকল কাগজপত্র A-4 সাইজের কাগজে ফটোকপি করে মুলসেট এবং অতিরিক্ত ০২(দুই) সেট রিটার্নিং অফিসার / সহকারী রিটার্নিং অফিসারের নিকট নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

১১। প্রার্থীর বাবা, মা, স্বামী/স্ত্রীর বাংলা ও ইংরেজি নামের বানান ও ঠিকানা সাদা কাগজে লিখে মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

১২। মনোনয়নপত্র দাখিলের সময় উল্লিখিত দলিলাদিসহ আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য সকল দলিলাদি / তথ্যাদি জমা দিতে হবে।

<u>বিশেষভাবে উল্লেখ্য যে -</u>

- প্রার্থী/ প্রস্তাবকারী / সমর্থনকারী সমপদে অন্যকোন মনোনয়নপত্রে স্বাক্ষর করিবে না। যদি স্বাক্ষর করেন তবে এরূপ স্বাক্ষরিত সকল মনোনয়নপত্র বাতিল হবে।
- মনোনয়নপত্র গ্রহণ / জমা দেয়ার সময় প্রার্থী / প্রস্তাবকারী / সমর্থনকারী / আইনজীবিসহ অনধিক ৫ (পাঁচ) জন লোক আসতে পারবেন এবং সকল ধরনের মিছিল ও শো-ডাউন নিষিদ্ধ।
- চেয়ারম্যান পদের ক্ষেত্রে ব্যক্তিগত খরচ ৫০,০০০/- টাকা এবং নির্বাচনী খরচ ৫,০০,০০০/- টাকা, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধরণ আসনের সদস্যদের ক্ষেত্রে ব্যক্তিগত খরচ ১০,০০০/- টাকা এবং নির্বাচনী খরচ ১,০০,০০০/- টাকা খরচ করতে পারবেন।
- ইউনিয়ন পরিষদ নির্বাচন সংশ্লিষ্ট সকল আইন, বিধিমালা, আচরন বিধিমালা ও পরিপত্র সকলকে মেনে চলতে হবে।